নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
**www.ncc.gov.bd**

০৫/০৭/২০১৮ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষে জনসংযোগ সেল এর কার্য নির্বাহী কমিটির সভার কার্য বিবরনী ঃ-

| | |
|---|---|
| সভার তারিখ | ঃ ০৫ জুলাই ২০১৮ খ্রিঃ |
| বার | ঃ বৃহস্পতিবার |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের এর অফিস কক্ষ |
| সভাপতি ও সচিব | ঃ **জনাব এ,এম,এফ এহতেশামূল হক**<br>সভাপতি, জনসংযোগ সেল<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)**

১। জনাব এ,এম,এফ এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সভাপতি ২। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৩। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন- সদস্য
৪। জনাব মোঃ আবুল বাশার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৫। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৬। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৭। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৮। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**১) আলোচ্য বিষয় ঃ ক্ষুদেবার্তার নমুনা প্রণয়ন সম্পর্কে আলোচনা।**

**আলোচনাঃ** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, সিটি গভর্নেন্স প্রকল্পের আওতাধীন এমসিসি এর মাধ্যমে ক্ষুদে বার্তা সেবা চালু হয়েছে। তিনি ক্ষুদে বার্তা সেবার বিষয়বস্তু প্রস্তুত পূর্বক তা সিটি কর্পোরেশনের নিয়মিত সভায় উপস্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে উল্লেখ করেন। পবিত্র ঈদ-উল-আযহা ২০১৮ প্রায় ১০,০০০ নগরবাসীকে "ঈদ মোবারক" সিটি কর্পোরেশনের নির্ধারিত স্থানে পশু কোরবানী দিন এবং নগর পরিচ্ছন্ন রাখুন। মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, এসএমএস দেওয়া যেতে পারে। এছাড়াও ২০১৮-১৯ অর্থ বছরে প্রস্তাবিত নিম্নোক্ত এসএমএস গুলো প্রদানের বিষয়ে সভায় প্রস্তাব পেশ করেন।

**জাতীয় দিবস সম্পর্কিতঃ**

২১ শে ফেব্রয়ারী (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)

- অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণ হোক মহান একুশের চেতনায়। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
  ১৭ ই মার্চ (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম বার্ষিকী)
- হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবসে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে জাতির পিতাকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করছি এবং তাঁর রূহের মাগফেরাত কামনা করছি।
  ২৬ শে মার্চ (স্বাধীনতা দিবস)
- "লক্ষ প্রাণের বিনিময়ে অর্জিত আমাদের স্বাধীনতা"– মহান স্বাধীনতা দিবসে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।
  ৫ ই মে (নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর প্রতিষ্ঠাবার্ষিকী)

- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর .. তম প্রতিষ্ঠাবার্ষিকী ২০.. তে আপনাকে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।
  ১৫ ই আগষ্ট (জাতীয় শোক দিবস)
- ১৯৭৫ এর ১৫ ই আগষ্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ শাহাদাৎ বরণকারী সকল শহীদদের রূহের মাগফিরাত কামনা করছি।
  ১৬ ই ডিসেম্বর (বিজয় দিবস)
- ......... তম মহান বিজয় দিবসে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন।
  ঈদ-উল-ফিতর
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে "ঈদ মোবারক" পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা, মেয়র, নাসিক।
  ঈদ-উল-আযহা
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে পবিত্র ঈদ-উল আযহা এর শুভেচ্ছা ও অভিনন্দন। "ঈদ মোবারক"
  ঈদ-ই-মিলাদুন্নবী
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে পবিত্র ঈদ-ঈ-মিলাদুনবী এর শুভেচ্ছা ও অভিনন্দন।
  বড় দিন
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে শুভ বড়দিনের শুভেচ্ছা ও অভিনন্দন।
  বৌদ্ধ পূর্নিমা
- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে বৌদ্ধ পূর্নিমার শুভেচ্ছা ও অভিনন্দন।
  ১৪ ই এপ্রিল (১লা বৈশাখ)
- সবার জীবন ভরে উঠুক সুখ শান্তি আর অনাবিল আনন্দে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর পক্ষ থেকে সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা।

**ট্যাক্স সম্পর্কিত**

- .....অর্থ বছরের হোল্ডিং ট্যাক্স.......... তারিখের মধ্যে পরিশোধের জন্য অনুরোধ করা হলো।
- সময়মত পৌর কর পরিশোধ করার জন্য ধন্যবাদ।
- আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখের মধ্যে পৌরকর পরিশোধ করলে ১০% রেয়াদ (ছাড়) প্রদান করা হবে।
- আগামী ৩১ডিসেম্বর, ২০১৮ তারিখের মধ্যে পৌরকর পরিশোধ করলে ৭.৫% রেয়াদ (ছাড়) প্রদান করা হবে।
- আগামী ৩১ মার্চ, ২০১৮ তারিখের মধ্যে পৌরকর পরিশোধ করলে ৫% রেয়াদ (ছাড়) প্রদান করা হবে।

**কর নির্ধারণ (এসেসমেন্ট)**

- আগামী ................ তারিখে, ................ টায়, নগর ভবনে আপীল শুনানীতে অংশ গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

**ট্রেড লাইসেন্স**

- আপনার ট্রেড লাইসেন্স যথাসময়ে নবায়ননের জন্য অনুরোধ করা হলো।
- যথাসময়ে ট্রেড লাইসেন্স নবায়ণ করার জন্য আপনাকে ধন্যবাদ।
- ৩০ শে জুন ২০১৮ তারিখের মধ্যে ট্রেড লাইসেন্স নবায়ণ না করায় ...........% জরিমানা আরোপ করা হয়েছে।

**জন্ম নিবন্ধন**

- শিশু জন্মের সাথে সাথে জন্ম নিবন্ধন করুন।

**অফিসিয়াল মিটিং**

- .................ইং তারিখে............ টায় স্থানে/নগর ভবনে ........অনুষ্ঠান/সভা অনুষ্ঠিত হবে। যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**টীকা**

- আপনার শিশুকে টীকা দিন।
- আগামী ............. ইং তারিখে জাতীয় টীকা দিবস ২০১৮। নিকটস্থ কেন্দ্রে আপনার শিশুকে টীকা দিন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় নগরবাসীকে এসএমএস প্রেরণের বিষয়টির উপর গুরুত্বআরোপ করেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ** ক্ষুদে বার্তা (সংং) পরিসেবা নিয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং তথ্য প্রচারের জন্য উপরোক্ত কন্টেন্ট ব্যবহার করণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও নতুন নাম্বার সংগ্রহ করার লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণ এবং বিভিন্ন ধর্মী উৎসবে সাধারণ জনগণের কাছে ক্ষুদে বার্তা (এসএমএস) প্রেরণ করার বিষয়ে সবাই একমত পোষণ করেন।

**২) আলোচ্য বিষয় ঃ জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

**আলোচনা ঃ** প্রতি বছরের ন্যায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক অনুষ্ঠান **"জনতার মুখোমুখি"** আয়োজন করার বিষয়ে সভায় প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব কে এম ফরিদুল মিরাজ উপস্থিত সকলকে অবহিত করেন। এ অনুষ্ঠানের মাধ্যমে সিটি কর্পোরেশনের কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহিতা ও নগরবাসীর অংশগ্রহণের মাধ্যমে সুনগর পরিচালন (Good Governance) নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান। এবারের প্রস্তাবিত বিষয়বস্তু ক) নগর অবকাঠামো উন্নয়ন সম্পর্কিত আলোচনা; খ) নগর দারিদ্র হ্রাসকরণ কর্মসূচি সম্পর্কিত আলোচনা এবং গ) কর আদায় সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন বিষয়ে বিশদ আলোচনা হয়। এবারের জনতার মুখোমুখি অনুষ্ঠান আগামি ১৮ জুলাই ২০১৮ খ্রিঃ আয়োজন করা যেতে পারে।

**সিদ্ধান্ত ঃ** উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়নের বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বলা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(এ,এফ,এম এহতেশামুল হক)**
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ০২-৭৬৩৩৪২৩
ই-মেইল: ceo@ncc.gov.bd

**<u>সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-</u>**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রকল্প পরিচালক, সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি), আরডিইসি ভবন, লেভেল-৮, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাব মোঃ আবুল বাসার, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।